# প্রক্টর অফিস
# বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর
BEGUM ROKEYA UNIVERSITY, RANGPUR

---

## র‍্যাগিং নয়, সহানুভূতি ও সৌহার্দ্যপূর্ণ সম্পর্কই হোক বেরোবিয়ানদের পরিচয়

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১০ আগস্ট ২০২৫ তারিখে স্নাতক প্রথম বর্ষের নবীন বরণ এবং ওরিয়েন্টেশন ক্লাস উপলক্ষে সার্বিক নিরাপত্তা নিশ্চিতকরণ ও শান্তি শৃঙ্খলা বজায় রাখার স্বার্থে সকলকে বিশ্ববিদ্যালয়ের নিয়ম কানুন বজায় রাখার পাশাপাশি র‍্যাগিং পরিহার করার অনুরোধ করা হলো। কারণ-***"র‍্যাগিং একটি মানসিক ব্যাধি ও শাস্তিযোগ্য অপরাধ"***। র‍্যাগিং এ কোন শিক্ষার্থীর সংশ্লিষ্টতা পাওয়া গেলে তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। বিশ্ববিদ্যালয় প্রশাসন এ বিষয়ে কঠোর পদক্ষেপ নিতে বদ্ধপরিকর। অন্যথায় সংশ্লিষ্ট ঘটনার গুরুত্ব বিবেচনা করে অভিযুক্ত শিক্ষার্থীকে-

১। বিভিন্ন মেয়াদে একাডেমিক কার্যক্রম হতে সাময়িক/স্থায়ী বহিষ্কার,

২। আবাসিক হল হতে সাময়িক/স্থায়ী বহিষ্কার এবং

৩। বিশ্ববিদ্যালয়ের প্রচলিত আইন প্রয়োগ অথবা অবস্থা বিবেচনায় আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী বরাবর ব্যবস্থা গ্রহণ করবে।

উপর্যুক্ত বিষয়ে প্রশাসনকে তথ্য দিয়ে সহযোগিতা করার অনুরোধ করা হলো। এছাড়াও এ বিষয়ে বর্তমানে অধ্যয়নরত শিক্ষার্থী, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীসহ সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার জন্য আহ্বান করছি।

**ধন্যবাদসহ**

ড. মোঃ ফেরদৌস রহমান
প্রক্টর
বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর